ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫০০
শান্তিরবাজার,২৪ আগস্ট,২০২৫

**পঞ্চায়েতমন্ত্রী দক্ষিণ ত্রিপুরা জেলায় পঞ্চায়েত দপ্তরের বিভিন্ন কর্মসূচির পর্যালোচনা করেন**

পঞ্চায়েতস্তরের জনগণের জীবন জীবিকার মান আরও উন্নত করার লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করে কাজ করতে হবে। এক্ষেত্রে পঞ্চায়েত উন্নয়ন তহবিলের অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। গতকাল বিলোনীয়া সার্কিট হাউসে এক পর্যালোচনা সভায় পঞ্চায়েতমন্ত্রী কিশোর বর্মন একথা বলেন। সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার পঞ্চায়েত দপ্তরের উদ্যোগে যে সমস্ত কর্মসূচি রূপায়ণ করা হচ্ছে তা পর্যালোচনা করা হয়। সভায় পঞ্চায়েতমন্ত্রী বলেন, বিভিন্ন পঞ্চায়েতে যে সমস্ত কর্মসূচি রূপায়ণ করা হচ্ছে তা পঞ্চায়েতস্তরের জনপ্রতিনিধি সহ দপ্তরের আধিকারিকদেরও নিয়মিত তদারকি করতে হবে। পাশাপাশি পঞ্চায়েত সমিতি, বি.এ.সি., গ্রামসভা ও স্ট্যান্ডিং কমিটিগুলির সভা নিয়মিত আয়োজন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। পঞ্চায়েত এলাকায় বসবাসকারী জনগণের সমস্যাগুলি দ্রুত সমাধানের উদ্যোগ নেওয়ার জন্যও তিনি দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। পর্যালোচনা সভায় এছাড়াও উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার ৮টি ব্লকের পঞ্চায়েত সমিতি ও বি.এ.সি.-র চেয়ারম্যানগণ, জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ সহ বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

*****